গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর-৫৯.০০.০০০০.১১৫.১৬.০০৯.২৪.১৬

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: **পরিদর্শন প্রতিবেদন প্রেরণ**।

সূত্র: ৫৯.০০.০০০০.১০৬.১৬.০০১.২৩.২১৩, তারিখ: ০৪/১১/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ১৮.১২.২০২৪ এবং ১৯.১২.২০২৪ তারিখে নার্সিং ইনস্টিটিউট, নওগাঁ এবং আইএইচটি, ধামইরহাট, নওগাঁ সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

০৬/০২/২০২৫
(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন:৫৫১০১১৬০
Emalil: population2@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর-৫৯.০০.০০০০.১১৫.১৬.০০৯.২৪.১৬/১(৬)

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), ধামইরহাট, নওগাঁ
৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬। অতিরিক্ত সচিব (জনসংখ্যা,প:ক: ও আইন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

০৬/০২/২০২৫
(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: নার্সিং ইনস্টিটিউট নওগাঁ, পরিদর্শন প্রতিবেদন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর প্রশাসন-৩ শাখার ০৪.১১.২০২৪ তারিখের ২১৩ নম্বর স্মারকের নির্দেশ মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ১৮.১২.২০২৪ তারিখে সকাল ১০.০০টায় নার্সিং ইনস্টিটিউট, নওগাঁ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপ:

০১	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নামও ঠিকানা	:	নার্সিং ইনস্টিটিউট, নওগাঁ
০২	পরিদর্শনের তারিখ ও সময়	:	১৮/১২/২০২৪ খ্রি:, সকাল: ১০:০০টা
০৩	পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনের আলোকে গৃহীত কার্যক্রম	:	প্রযোজ্য নহে
০৪	প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত সাল	:	অত্র প্রতিষ্ঠানটি ২০০২-২০০৩ ইং সালে ১.২৫ একর জমির উপর প্রতিষ্ঠিত হয়।
০৫	প্রতিষ্ঠানটির কোর্সসমূহ	:	এই প্রতিষ্ঠানে ০২টি কোর্স চালু আছে। একটি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং অন্যটি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সটি ২০০৯-১০ সেশনে চালু হয়েছে এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ২০১৫-১৬ সেশনে চালু হয়েছে। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারিতে প্রতি বছর ৫০টি আসনে এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারিতে ২৫টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি হয়।
০৬	প্রতিষ্ঠানটির ছাত্র-ছাত্রীর সংখ্যা	:	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারিতে প্রতি বছর ৫০টি আসনে এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারিতে ২৫টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি হয়। অত্র প্রতিষ্ঠানে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা-২২৫ জন। সেশন জটের কারণে ২৯৯ জন ছাত্র-ছাত্রী অবস্থান করছে।
০৭।	প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা	:	নার্সিং ইনস্ট্রাক্টর-এর ৪টি পদ রয়েছে। বিভিন্ন হাসপাতাল থেকে সংযুক্তিতে নার্সিং ইনস্ট্রাক্টর হিসাবে ০৭ জন কাজ করছেন। ০৩ জন নার্সিং ইনস্ট্রাক্টর অতিরিক্ত কাজ করছেন। অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর-০১ জন, ক্যাশিয়ার-০১ জন, হাউজ কিপার-০১ জন, অফিস সহায়ক-০২ জন, মালি-০১ জন, নিরাপত্তা প্রহরী-০৩ জন, টেবিল বয়-০১ জন, সহকারী বাবুর্চী-০১ জন, পরিচ্ছন্ন কর্মী-০১ জন এবং ০২ জন অফিস সহায়কের পদ শূন্য আছে। উল্লেখ্য যে ০২ জন অফিস সহায়ক আউট সোর্সিংয়ে কর্মরত আছেন।
০৮।	পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি	:	পরিদর্শন কালে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।
০৯।	পরিদর্শনকালে কোন Stackholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ	:	প্রযোজ্য নহে।
১০।	আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য হলে)	:	প্রযোজ্য নহে।
১১।	প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা	:	প্রতিষ্ঠানটিতে সুন্দর পরিষ্কার পরিচ্ছন্ন এবং মনোরম পরিবেশ বিদ্যমান রয়েছে এবং পরিচ্ছন্নতা ও মানসম্মত।
১২।	প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা	:	একডেমিক ভবন ২য় তলা বিশিষ্ট, ছাত্রী হোস্টেল ৪র্থ তলা বিশিষ্ট এবং ছাত্রী হোস্টেল চারদিকে প্রাচীর বেষ্টিত সুন্দর প্রতিষ্ঠান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: আই.এইচ.টি ধামইরহাট, নওগাঁ, পরিদর্শন প্রতিবেদন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর প্রশাসন-৩ শাখার ০৪.১১.২০২৪ তারিখের ২১৩ নম্বর স্মারকের নির্দেশ মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ১৮.১২.২০২৪ তারিখ বেলা ১২.০০টায় আইএইচটি, ধামইরহাট, নওগাঁ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপ:

০১	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নামও ঠিকানা	:	আইএইচটি, ধামইরহাট, নওগাঁ
০২	পরিদর্শনের তারিখ ও সময়	:	১৯/১২/২০২৪ খ্রি:, বেলা: ১২:০০টা
০৩	পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনের আলোকে গৃহীত কার্যক্রম	:	প্রযোজ্য নহে
০৪	প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত সাল	:	আইএইচটি ধামইরহাট, নওগাঁ ২০২২ সালে প্রতিষ্ঠিত হয়।
০৫	প্রতিষ্ঠানটির কোর্সসমূহ	:	২০২২-২৩ বছরে ল্যাব মেডিসিন ও রেডিওগ্রাফি দুইটি কোর্স চালু আছে।
০৬	প্রতিষ্ঠানটির ছাত্র-ছাত্রীর সংখ্যা	:	২০২২-২৩ শিক্ষাবর্ষে একাডেমিক অনুমোদন পাওয়ার পর ল্যাব মেডিসিন ও রেডিওগ্রাফি দুই অনুষদে শিক্ষা কার্যক্রম শুরু হয়। প্রতিটি অনুষদে ২৫ জন করে দুইটি অনুষদে মোট ৫০ জন শিক্ষার্থী ভর্তি হয়। তৃতীয় বর্ষে ভর্তি শুরু হয়েছে।
০৭।	প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা	:	বর্তমানে প্রতিষ্ঠানটিতে অধ্যক্ষ, শিক্ষক মন্ডলী ও টেকনোলজিস্টদের শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য কোন স্থায়ী পদ নেই। নওগাঁ মেডিকেল কলেজের একজন সহকারী অধ্যাপক এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। দুইজন মেডিকেল অফিসার পার্শ্ববর্তী স্বাস্থ্য কমপ্লেক্স থেকে সংযুক্তিতে শিক্ষা প্রতিষ্ঠানটিতে শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়াও ইংরেজি ও আইসিটি বিষয়ে একজন করে প্রভাষক পার্শ্ববর্তী কলেজ থেকে অতিথি শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করে শিক্ষা কার্যক্রম চালিয়ে নিচ্ছেন। ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাশ পরিচালনা করার কোন মেডিকেল টেকনোলজিস্ট নেই।
০৮।	প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা	:	প্রতিষ্ঠানটিতে সুন্দর পরিস্কার পরিচ্ছন্ন এবং মনোরম পরিবেশ বিদ্যমান রয়েছে এবং পরিচ্ছন্নতা ও মানসম্মত।
০৯।	প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা	:	প্রতিষ্ঠানটি চারতলা বিশিষ্ট একটি একাডেমিক ভবন এবং একটি চার তলা ছাত্রাবাস ও চারতলা বিশিষ্ট একটি ছাত্রী নিবাস রয়েছে। ছাত্র-ছাত্রীদের বেশিরভাগই আবাসিক ভবনে থেকে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। শিক্ষক এবং কর্মচারীদের জন্য আবাসিক ভবন রয়েছে।